আলমডাঙ্গায় দুই পুত্রবধূর বিরুদ্ধে শাশুড়ি হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার রায়সা গ্রামে শাশুড়ির মাথায় আঘাত করে হত্যার অভিযোগ উঠেছে দুই পুত্রবধূর বিরুদ্ধে। নিহত সফুরা খাতুন (৬৫) রায়সা গ্রামের মৃত হবিবর রহমানের স্ত্রী।

গত সোমবার রাতে এ হত্যার ঘটনা ঘটে। হত্যার অভিযোগে পুত্রবধূ রিজিয়া খাতুন ও রেশমা খাতুনকে আটক করেছে পুলিশ।

এলাকাবাসী জানায়, বরাবরই দুই পুত্রবধূ তাদের শাশুড়িকে নানাভাবে নির্যাতন করতো। সোমবার রাতে কথা কাটাকাটির এক পর্যায়ে বড় পুত্রবধূ রিজিয়া খাতুন রুটি তৈরির বেলুন দিয়ে শাশুড়ির মাথায় আঘাত করলে প্রচুর রক্তক্ষরণ হয়। এসময় পুত্রবধূরা গ্রামে প্রচার করে তাদের শাশুড়ি ঘরে উঠতে গিয়ে পা পিছলে পড়ে মারা গেছেন।

তাকে গোপনে দাফনের চেষ্টা করা হলে প্রতিবেশীরা পুলিশে খবর দেয়। সকালে লাশ উদ্ধার করে পুলিশ। একই সঙ্গে পুত্রবধূ রিজিয়া খাতুন ও রেশমা খাতুনকে আলমডাঙ্গা থানা পুলিশ আটক করেছে।

মঙ্গলবার দুপুরে ঘটনাস্থল পরিদর্শনে যান চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. কলিমুল্লাহ।

তিনি বলেন, ‘প্রাথমিকভাবে মনে হচ্ছে বৃদ্ধা সফুরা খাতুনকে পুত্রবধূরা হত্যা করেছে। তাদের আটক করে জিজ্ঞাসাবাদ চলছে। লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। পুলিশি তদন্তও শুরু হয়েছে। তবে ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পেলেই বিষয়টি নিশ্চিত হওয়া যাবে।’

আলমডাঙ্গায় নরসুন্দরদের মাঝে মানবিক সহযোগিতা প্রদান

আলমডাঙ্গা শহরে ছেলুনে কর্মরত নরসুন্দরদের মাঝে মানবিক সহযোগিতা প্রদান করেছেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।
গতকাল মঙ্গলবার তিনি এ মানবিক সহযোগিতা লিস্ট ধরে ধরে সকল নরসুন্দরের বাড়িতে পৌঁছে দেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, কাউন্সিলর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ইমানুল হক, কৃষি সম্প্রসারণ অফিসার সোহেল রানা ও প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু প্রমুখ।

চুয়াডাঙ্গায় করোনা ভাইরাসে আক্রান্ত যুবক এখন করোনামুক্ত

করোনা ভাইরাসে আক্রান্ত চুয়াডাঙ্গার আলমডাঙ্গার ইতালি ফেরত যুবক ভাইরাসমুক্ত হওয়ায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে ছাড়পত্র দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।

মঙ্গলবার বিকেলে ওই যুবককে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে বাড়ি চলে যাওয়ার জন্য ছাড়পত্র দেওয়া হয়। তার সাথে একই হাসপাতালে কোয়ারেন্টিনে থাকা ওই যুবকের পিতাকেও কোয়ারেন্টাইন থেকে মুক্তি দেওয়া হয়।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, গত ১২ মার্চ ওই যুবক ইতালি থেকে বাংলাদেশে আসেন। পরে অসুস্থ্য হয়ে পড়লে ১৬ মার্চ তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়।

পরে গত ১৯ মার্চ পরীক্ষা করে তাকে করোনা ভাইরাস আক্রান্ত বলে

শনাক্ত করে আইইডিসিআর। ২৬ বছর বয়সী ওই যুবকের পিতার নমুনাও পরীক্ষা করা হয় কিন্তু তিনি করোনা আক্রান্ত নন বলে জানায় স্বাস্থ্য বিভাগ।

সর্বশেষ গত ২৫ ও ২৯ মার্চ দু’দফা পরীক্ষা করে আইইডিসিআর থেকে জানানো হয় দু’দফা পরীক্ষাতেই ওই যুবকের করোনা ভাইরাসমুক্ত হিসেবে রিপোর্ট এসেছে। এ অবস্থায় ওই যুবককে করোনা মুক্ত বলে ঘোষণা করে আইইডিসিআর কর্তৃপক্ষ।

আজ মঙ্গলবার বিকেল ৫টায় চুয়াডাঙ্গা সিভিল সার্জন কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, দুবারের পরীক্ষায় ওই যুবকের শরীরে করোনা ভাইরাসের আর কোনো উপস্থিতি না থাকায় তাকে ছাড়পত্র দিয়ে বাড়ি যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে।

হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুস সাত্তারের অবসর গ্রহণ

হাটবোয়ালিয়া স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুস সাত্তার আনুষ্ঠানিকভাবে শিক্ষকতা জীবন থেকে অবসর গ্রহণ করেছেন। বেদনা বিধুর পরিবেশে তাঁর দায়িত্ব হস্তান্তর পর্বটি অনুষ্ঠিত হলো। সাময়িকভাবে অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করলেন প্রভাষক শামীমা নাসরিন। তিনি বর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন। সঙ্গগত, অধ্যক্ষ আব্দুস সাত্তার গত ১৯৮৫ সালের ২ ফেব্রুয়ারি শিক্ষকতা পেশায় যোগদান করেন। গত ১৯৯৯ সালের ৬ এপ্রিল হাটবোয়ালিয়া স্কুল এ্যান্ড কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অত্যন্ত ন্যায়নিষ্ঠা ও দায়িত্বশীলতার সাথে অধ্যক্ষ পদ অলংকিত করে রাখেন। ঐতিহ্যবাহী শতবর্ষী এ শিক্ষাপ্রতিষ্ঠানে তিনি সবচে বেশি সময় প্রতিষ্ঠান প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। বিদায় গ্রহণের অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে অধ্যক্ষ আব্দুস সাত্তার বলেন, যদিও পিছনের অনেক স্মৃতি, শ্রম, ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের

ভালবাসা ফেলে আজ বিদায় নিতে হচ্ছে। এ প্রতিষ্ঠানের সব কিছু ছেড়ে আমি খুব ভারাক্রান্ত মন নিয়ে বিদায় হচ্ছি। তবুও বলতেই হয় – আজ আমি মুক্ত হলাম, স্বাধীনভাবে চলাচল করবো জীবনে এর চেয়েও বড় প্রাপ্তি আর হয়না। আমি আজ পরিতৃপ্ত হলাম। সকলের কাছে পরবর্তী জীবনের জন্য দোয়া চাই, আমার আর চাওয়া পাওয়া নাই। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের সদস্য, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের গর্ভানিং বডির সভাপতি আসাবুল হক ঠান্ডু, গর্ভানিং বডির সদস্য আশরাফুজ্জামান নান্নু, সদস্য মামুন রেজা, ইকলাচ উদ্দীন, আজাদ আলী বিশ্বাস, কালু মন্ডল ও আসমান হাকীম। হাটবোয়ালিয়া কলেজ শাখার প্রভাষক আব্দুর রহিমের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, সহকারী অধ্যাপক শহিদুল ইসলাম, মফিজুর রহমান, এনামুল হক, আব্দুল মান্নান ফকির, মতিউল হুদা, মনোয়ার হোসেন, শফিকুল ইসলাম, এসএম জাহাঙ্গীর, রিচিনা পারভীন, এমদাদুল হক (অবসর প্রাপ্ত শিক্ষক), শিক্ষক শামসুল হক, হামিদুল ইসলাম, মনিরুজ্জামান, কামরুজ্জামান, সেলিম হোসেন, মীর মিঠুন, আজমতুল হুদা, মামুন, বিউটি আক্তার প্রমুখ।

আলমডাঙ্গার এনায়েতপুরের রুবেল দূর্ঘটনায় নিহত, নিজ গ্রামে দাফন

আলমডাঙ্গার এনায়েতপুরের রুবেল ঢাকায় সড়ক দূর্ঘটনায় নিহত হয়েছে। জানা যায়,চুয়াডাঙ্গা আলমডাঙ্গার বাড়াদী ইউনিয়নের এনায়েতপুর পূর্ব পাড়ার সবুর মন্ডলের ছেলে রুবেল হোসেন(২৪) কয়েক বছর আগে ঢাকায় পাড়ি জমায়।
এরই মধ্যে চাকরি শুরু করে আর এফ এল গ্রুপে।

প্রতিদিনের ন্যায় ১৬দিন আগে নিজ বাই সাইকেল যোগে অফিসে যাওয়ার সময় বাসের ধাক্কায় গুরুতর আহত হয়ে পড়ে রুবেল।

চিকিৎসার জন্য রুবেলকে ভর্তি করা হয় ঢাকা মেডিকেল কলেজ

হাসপাতালে। ১৯ মার্চ বৃহস্পতিবার সন্ধায় চিকিৎসাধীন অবস্থায় রুবেল মৃত্য বরন করেন। ইন্নালিল্লাহে —– রাজেউন।

২০ মার্চ শুক্রবার রুবেলের মরদেহ নিজ গ্রাম এনায়েতপুরে নিয়ে গ্রাম্য কবরস্থানে দাফনকার্য সম্পন্ন হয়েছে পারিবারিক সুত্রে জানা গেছে।রুবেলের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে এনায়েতপুর গ্রামে শোকের ছায়া নেমে আসে।

আলমডাঙ্গা আইলহাস ইউনিয়নের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

আলমডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে “পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর” বাস্তবায়নে আইলহাঁস ইউনিয়নে ২নং ওয়ার্ডে সকাল হতে রাস্তাঘাট, শিক্ষা-প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়।

গতকাল শনিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী আইহাস ইউনিয়ন পরিষদে পৌছালে ইউপি চেয়ারম্যান অ্যাড. আব্দুল মালেক।

এ ছাড়াও উপস্থথিত ছিলেন ইউপি সচিব হাফিজুর রহমান, ইউপি সদস্য হাফিজুর রহমান, সাইফুল ইসলাম, হানিফ আলী, আজিজ আহম্মদ সুজন, টিটন আলী, বখতিয়ার হোসেন, আইনুদ্দিন, তারাচাদ, ওল্টু মিয়া, মহিলা সদস্য ফরিদা পারভীন, হাবিবা বেগম, সগরি খাতুন, উম্মে ছালমা প্রমুখ।

এ সময় প্রধান অতিথি নির্বাবী অফিসার ইউনিয়নের গুরুত্ব পুর্ণ জায়গায় ডাস্টবিন দিয়ে ময়লা আবর্জনা ফেলার আহবান জানান। স্কুল, বাজার, ইউনিয়ন পরিষদ চত্তর, সহ গুরুত্ব পুর্ন এলাকায় ময়লা আবর্জনা ফেলার জন্য অনুরোধ করেন।

ইউপি চেয়ারম্যান আব্দুল মালেক এর সহয়তায় ডাস্টবিন তৈরি করে তা

বিতরণ করা হয়েছে।

এছাড়া নির্বাহী অফিসার ছাত্র- ছাত্রীদের বাল্যবিবাহ, অপরিষ্কার বিরুদ্ধে শপথ পাঠ করানো হয়েছে।

তিনি ধারাবাহিক এরুপ অভিযান পরিচালনার জন্য চেয়ারম্যানকে ধন্যবাদ জানান।

আলমডাঙ্গায় নারী মাদক ব্যাবসায়ীর সাথে আপত্তিকর অবস্থায় একজন আটক

আলমডাঙ্গা ওসমানপুর গ্রামে ৩ সন্তানের জননী বেদানা খাতুনের সাথে আলমডাঙ্গা মাদ্রসাপাড়ার ২ সন্তানের জনক জাহিদুলকে আপত্তিকর অবস্থায় আটক করেছে বেরসিক জনতা।

শুক্রবার দিবাগত রাতে জাহিদুল আলমডাঙ্গা থেকে ওসমানপুর গ্রামে বেদানাল নিকট গেলে এলাকাবাসি আপত্তিকর অবস্থায় তাদের আটক করে উত্তম মাধ্যম শেষে পুলিশের হাতে তুলে দিয়েছে।

জানা গেছে, উপজেলার দুর্লভপুর গ্রামের ঠান্ডু মালিথার ছেলে জাহিদুল ইসলাম(৩০)দীর্ঘদিন ধরে আলমডাঙ্গা মাদ্রাসাপাড়া বসবাস করে। জাহিদুল আলমডাঙ্গা কাঁচা বাজারে কাঁচামাল ব্যবসা করে।

শুক্রবার রাতে জাহিদুল তার স্ত্রীর নিকট বলে যায় টাকা আদায় করতে যাচ্ছি। সন্ধ্যার পর ওসমানপুর গ্রামের বিল্লাল হোসেনের স্ত্রী ৩ সন্তানের জননী বেদানা খাতুন (৪০)’র ঘরে যায়। বেদানার ঘরে যাওয়ার পর এলাকাবাসি জাহিদুল ও বেদানাকে আপত্তিকর অবস্থায় আটক করে উত্তম মাধ্যম দেয়।

তাদের দুজনকে আটক করেছে এমন সংবাদে বেদানার বাড়ির সামনে মানুষ ভিড় জমায়। সংবাদ পেয়ে ওসমানপুর ক্যাম্প পুলিশ তাদেরকে আটক করে আলমডাঙ্গা থানায় নিয়ে আসে।

এবিষয়ে আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) স্বপন কুমার দাস জানান, ওসমানপুর গ্রামবাসি তাদেরকে আপত্তিকর অবস্থায় আটক করেছে এমন সংবাদ পেয়ে দ্রুত ওসমানপুর ক্যাম্প পুলিশের মাধ্যমে আলমডাঙ্গা থানায় নিয়ে আসি।

তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

আলমডাঙ্গার ঘোলদাড়ি ও কুঠিপাড়া গ্রামে পরিচ্ছন্নতা অভিযান

মুজিবশতবর্ষ উপলক্ষে পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচির আওতায় আলমডাঙ্গা উপজেলার ঘোলদাড়ি ও কুঠিপাড়া গ্রামে পরিচ্ছন্নতা অভিযান চালানো হয়েছে। অভিযান উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা লিটন আলী। আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইলহাঁস ইউপি চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুল মালেক। অভিযানে দুটি গ্রামের নারী-পুরুষ অংশ নেন। পরে এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানকে অর্ধশতাধিক ডাস্টবিন প্রদান করা হয়।

গতকাল শনিবার সকাল ৭টায় ইউনিয়ন স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কেন্দ্রের সামনে রাস্তার ওপর থেকে শুরু হয় পরিচ্ছন্নতা অভিযান। গ্রামবাসিরা নিজেদের উদ্যোগে গ্রামের রাস্তাঘাট ও সড়কের পাশের স্থানগুলো পরিস্কার করেন। পরে ঘোলদাড়ি গ্রামে চলে পরিস্কার পরিচ্ছন্ন কাজ।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী ও ইউপি চেয়ারম্যান অ্যঅডভোকেট আব্দুল মালেক গ্রামদুটির গুরত্বপূর্ণ স্থান পরিচ্ছন্নতা শেষ করে ইউনিয়ন পরিষদ হলরুমে এসে ইউনিয়ন এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানপ্রধানদের নিয়ে আলোচনা করেন।

পরে ইউনিয়ন পরিষদ থেকে বিভিন্ন প্রতিষ্ঠানকে শর্ধশতাধিক ডাস্টবিন প্রদান করা হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা লিটন আলী তাঁর বক্তব্যে বলেন, গ্রামবাসি প্রত্যেকে যদি তার নিজের আঙ্গিনা, নিজের বাড়ির সামনের রাস্তা পরিস্কার রাখেন এবং রাস্তায় পানি ছিটিয়ে দেন তাহলে পুরো গ্রাম পরিস্কার রাখা কঠিন কিছু নয়।

সকালে নিজের বাড়ির উঠোন পরিস্কার করার সময় যদি বাড়ির আশপাশ আঙ্গিনা ও রাস্তা পরিস্কার করেন তাহলে দেখবেন আপনার পুরো গ্রামটি পরিচ্ছন্ন থাকবে। যে কোনো আবর্জনা ফেলবেন নিকটের ডাস্টবিনে।

আলমডাঙ্গায় অপতিরোধ্য বাংলাদেশ গড়ায় কারিগরি শিক্ষার ভুমিকা শীর্ষক সেমিনার

আলমডাঙ্গায় অপতিরোধ্য বাংলাদেশ গড়ায় কারিগরি শিক্ষার ভুমিকা শীর্ষক সেমিনার অনুষ্টিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার দিকে আলমডাঙ্গা সরকারি বিদ্যালয়ের হলরুমে।

সেমিনারে বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সমাজ কল্যান সম্পাদক আবু তালেবের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

তিনি বলেন, বর্তমানে বৈশ্বিক অবস্থায় ছেলেদেরকে কারিগরি শিক্ষা দিয়ে স্কিল লেবার তৈরি করতে হবে। যারা বিভিন্ন দেশে আনস্কিল লেবার হিসেবে কাজ করছেন তারা খুবই সমস্যার মধ্যে পড়ে। তাই আমি অনুরোধ করছি তোমরা সকলে কারিগরি শিক্ষায় শিক্ষিত হও। তবে শুধু সনদ পত্র নিয়ে কোন লাভ হবে না, যদি কাজ না শেখ।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা পরিক্ষা দেবে ঠিকমত লেখাপড়া করে এসে, এখানে কোন রকম নকল করা চলবে না, শিক্ষকদেরও বলছি, আপারাও পড়া শোনা করেন, না হলে ওদের শিক্ষা দেবেন কি ভাবে।

শুধু সনদে যেমন কাজ হবেনা, হাতে কলমে কাজ শিখতে হবে, তেমন কাজ শিখলেই চলবেনা সনদও লাগবে।

সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সভাপতি সিকদার আব্দুল হালিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার ইমরুল হক, আইডিইবি চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি ইফতেখার উদ্দিন, আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক কলেজের পরিচালক ইদ্রিস আলী খান, আলিম মাদ্রাসার সুপার সিরাজুল ইসলাম, কেন্দ্রীয় কমিটির শিক্ষা ও গবেষণা সম্পাদক হারুনার রশিদ, পাইলট সরকারি উচ্চবিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক ইলিয়াস উদ্দিন।

প্রাইম পলেটেকনিকের শিক্ষক শামিম উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা সভাপতি আব্দুল আজিজ, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত-১

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মধুবালা (২৫) নামের এক গৃহপরিচারিকা নিহত হয়েছেন।

আজ শুক্রবার চুয়াডাঙ্গা–কুষ্টিয়া সড়কের নওদাপাড়া এলাকায় ট্রাকের সাথে মোটরসাইকেলের সামনাসামনি সংঘর্ষে তিনি ঘটনাস্থলে প্রাণ হারান।

গুরুতর আহত অবস্থায় মোটরসাইকেল চালক শিক্ষক হাবিবুর রহমানকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানায়, আলমডাঙ্গা উপজেলার জগন্নাথপুর গ্রামের মৃত

আরজেত আলীর মেয়ে মধুবালা (২৫) আলমডাঙ্গা শহরের আক্তার জোয়ার্দ্দারের বাড়িতে গৃহপরিচারিকার কাজ করতেন।

বেলা ১১টার দিকে তিনি গৃহকর্তার শ্যালক হাবিবুর রহমানের মোটরসাইকেলযোগে বাড়িতে ছেলের খাবার দিয়ে ফেরার পথে। এ সময় প্রাণঘাতী দুর্ঘটনা ঘটে। গুরুতর আহত মোটরসাইকেলচালক হাবিবুর রহমান আলমডাঙ্গা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক।

তার বাড়ি মিরপুর উপজেলার শাখদারচর গ্রামে।

মেপ্র/আরপি